

স্মারক নং-৪৬.০২.১৫০০.০০০.১৯.০০৪.১৭- ২৬ ৫-৭,

তারিখঃ ১৪/০৭/২০২২ ইং।

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে জেলা পর্যায়ের কার্যালয়ে 'নৈতিকতা কমিটি' গঠন।

সূত্রঃ স্মারক নং-০৪.০০.০০০০.৮২১.১৪.০৩৮.১৩.৫৭৯, তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪২৩বাং/১১ ডিসেম্বর ২০১৬ ইং।

সরকার কর্তৃক ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল অনুমোদিত হয়। উক্ত কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কাজেই স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রামের জন্য ১টি করে নৈতিকতা কমিটি গঠন করা হলো।

ক) কমিটির গঠন/কাঠামোঃ

ক্রমিক নং	নাম ও পদবী	পদবী
০১।	এ.কে.এম আমিরুজ্জামান, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম।	আহবায়ক
০২।	আসিফ আহসান, সহকারী প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম।	সদস্য
০৩।	সুমন তালুকদার, সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম।	সদস্য সচিব

খ) কার্যপরিধিঃ

- ১। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, পর্যায়ের কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ;
- ২। পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ;
- ৩। কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যস্ত থাকবে, তা নির্ধারণ; এবং
- ৪। উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

গ) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রামের বিশেষত্ব অনুযায়ী কমিটির কাঠামো ও কার্যপরিধি পরিবর্তন করা হতে পারে। কমিটির কার্যক্রম জাতীয় শুদ্ধাচার কৌশলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ রেখে উপর্যুক্ত কমিটি গঠন করা হলো।

এমতাবস্থায়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রামের 'নৈতিকতা কমিটি' গঠন নিশ্চিতকরণ ও গৃহীত কার্যাবলী পরিবীক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হলো।

(এ.কে.এম আমিরুজ্জামান)
নির্বাহী প্রকৌশলী
এলজিইডি, চট্টগ্রাম।

ফোন নং-০৩১-৬৫১৪০২

Email: xen.chattogram@lged.gov.bd

সদয় অবগতির জন্য ঃ

- ০১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- ০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- ০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম
- ০৫। অফিস কপি।